



## প্রেস-রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে শেখ রাসেলের ৫৯তম জন্মদিন উদযাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৮ অক্টোবর ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদযাপিত হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ সন্তান শেখ রাসেলের ৫৯ তম জন্মদিন। এদিন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের আয়োজনে স্মারক বৃক্ষরোপন, কেক কাটা, আলোচনা সভার মাধ্যমে শেখ রাসেল দিবস উদযাপন করা হয়। দুপুর ২ টায় স্মারক বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে দুপুর ২:৩০ টায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক প্রাধ্যক্ষ, প্রক্টর, বিভিন্ন সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক ও শিশুদের সাথে নিয়ে কেক কাটেন উপাচার্য মহোদয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক জ্যোতির্ময় বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, নতুন প্রজন্মকে শেখ রাসেল সম্পর্কে জানতে হবে। শেখ রাসেল দিবস উদযাপনের প্রাসঙ্গিকতাই হচ্ছে ভবিষ্যত প্রজন্মের কাছে শেখ রাসেলের আত্মত্যাগকে তুলে ধরা। কতটা নৃশংস, অমানবিক এবং চূড়ান্ত পর্যায়ের মানবাধিকার হরণ হলে এগারো বছরের একটি ছোট্ট শিশুকেও নির্মম হত্যাকাণ্ডের শিকার হতে হয়। একজন বাঙালী হিসেবে বঙ্গবন্ধু, মহান মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও তৎপরবর্তী সঠিক ইতিহাস তরুণ প্রজন্মকে জানানোর দায়িত্ব আমাদের। আর তাহলেই শেখ রাসেল দিবস উদযাপন স্বার্থক হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। সভায় অন্যান্যদের বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি ড. আব্দুল কাইউম, প্রক্টর ড. খোরশেদ আলম, ছাত্র নির্দেশনা ও পরামর্শ কেন্দ্রের পরিচালক ড. তারেক মাহমুদ আবীর, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক আবু হাচান, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদের সভাপতি শাহাজাদা খান ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের সাধারণ সম্পাদক শফিকুর রহমান। রসায়ন বিভাগের চেয়ারম্যান ড. হালিমা বেগমের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস